




ক্রমিক ... ..  
... ..  
... ..

# প্রকৃশের বইমেলায় কম্পিউটারের বই

'এডোবি ফটোশপ', 'এমএস পাওয়ার পয়েন্ট', 'ইলাসট্রেটর', 'কোয়ার্ক এক্সপ্রেস', 'ফ্রন্টপেজ প্রোগ্রামিং', 'এডবি প্রিমিয়ার', 'জাভা' প্রভৃতি বই জ্ঞানকোষের টলে ডালই বেচাকেনা হচ্ছে।

জনপ্রিয় কম্পিউটার ম্যাগাজিন 'কম্পিউটার টুমরোর' টলে কম্পিউটার টুমরোর নতুন ও বিভিন্ন সংখ্যা, ডিজিটাল সিডি কালেকশন, গেমস ইত্যাদির সমারোহ যে কারোরই নজর কাড়ে। টুমরো মেলা উপলক্ষে প্রকাশ করেছে জনপ্রিয় বিজ্ঞান লেখক ডঃ



দেশের সবচেয়ে বড় বই প্রদর্শনী 'একুশে বইমেলা' এখন বেশ সরগরম। বিভিন্ন ধরনের প্রকাশনার পাশাপাশি স্থানীয় উদ্যোক্তারা বাংলা ভাষায় কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি বিষয়ক বই মেলায় প্রদর্শন করছেন। কম্পিউটার ও তথ্য প্রযুক্তির বিভিন্ন বিষয়ের বই ছাড়াও বিভিন্ন ধরনের টিউটোরিয়াল সিডিও মেলায় স্থান পেয়েছে। কম্পিউটার বিষয়ক বই প্রকাশনায় দেশের সর্বপ্রথম প্রতিষ্ঠান সিসটেক পাবলিকেশনসহ জ্ঞানকোষ প্রকাশনী, অনন্যা পাবলিকেশনস, কম্পিউটার টুমরো, পাঞ্জেরী প্রভৃতি প্রতিষ্ঠান তাদের নিজস্ব কম্পিউটার

সংক্রান্ত প্রকাশনা মেলায় এনেছেন। পুরনো বই ছাড়াও মেলা উপলক্ষেও প্রকাশিত হয়েছে বেশ কয়েকটি বই। এর মধ্যে রয়েছে মাহবুবুর রহমান-এর ওয়েব ডিজাইন বিষয়ক 'ফ্রন্টপেজ ২০০০/এক্সপি' কামরুল হায়দারের 'এইচটিএমএল ৪-০', কে. এম আলী রেজার 'কম্পিউটার নেটওয়ার্কিং', ডঃ মোঃ লুৎফর রহমানের 'জাভা প্রোগ্রামিং'। এই বইগুলো বের করেছে সিসটেক পাবলিকেশনস। মেলায় সিসটেকের ষ্টল ইনচার্জ আব্দুল হালিম জানালেন যে, তারা নতুন ও পুরাতন সকল বইয়ের উপরে বিশেষ ডিসকাউন্ট

দিচ্ছেন। এই বইগুলো ছাড়াও 'এসএস ওয়ার্ড ২০০০/এক্সপি', 'অফিস ২০০০/এক্সপি', 'ডিজিটাল বেসিক', 'এডোবি ফটোশপ, ইলাসট্রেটর', 'ট্রিডি ক্রুডিও ম্যাক্স', 'ডিজিটাল সি ++', 'কোয়ার্ক এক্সপ্রেস', 'কম্পিউটার ছড়া', 'কম্পিউটার গেমস', 'ডিজিটাল ডিডিও এডিটিং' বইগুলো সিসটেকের টলে পাওয়া যাবে। শীর্ষস্থানীয় প্রকাশনী জ্ঞানকোষের টলেও রয়েছে কম্পিউটার বিষয়ক বিভিন্ন বইয়ের সমাহার। এসএম শাহজাহান সজীব, আজিজুর রহমান খান, তারিকুল ইসলাম চৌধুরী প্রমুখ লেখকের লেখা

মুহম্মদ জাফর ইকবাল ও ডঃ মুহম্মদ কায়কোবাদ-এর 'নিউরনে অনুরগন', 'আহসান হাবিব'-এর কম্পিউটার, 'সাদিক মোহাম্মদ আলম-এর 'নিসি ট্রাবলশাটিং' ইত্যাদি। কম্পিউটার বিষয়ক বই প্রকাশনায় নবাগত প্রতিষ্ঠান পাঞ্জেরী পাবলিকেশনস লিমিটেড মেলায় এনেছেন ছোটদের কম্পিউটার শিক্ষার জন্য তিনটি বই। অফিস কর্মকর্তা ও নতুন ব্যবহারকারীদের জন্য তারা বের করেছেন 'ওয়ার্ড এক্সপি' 'ইন্টারনেট পরিচিতি', 'আউটলুক এক্সপ্রেস ই-মেইল', 'এক্সেল এক্সপি' বইগুলো।

□ জেসান রহমান